সংবাদ

তারিখ 25 APR 2016
পৃষ্ঠা ... কলাম ...

অধ্যাপক রেজাউল হত্যা

# বিক্ষোভে উত্তাল রাবি

## ▫ মামলা ডিবিতে ▫ ১ শিক্ষার্থী আটক



প্রতিনিধি, রাজশাহী

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এ এফ এম রেজাউল করিম সিদ্দিকী (৬১) হত্যার ঘটনায় হাফিজুর রহমান নামে বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে আটক করেছে পুলিশ। এ হত্যার প্রতিবাদ বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছে রাবি ক্যাম্পাস। ক্লাস পরীক্ষা বন্ধ ছিল। শনিবার রাতে নগরীর ছোটবোনগ্রাম এলাকার নিজ বাসা থেকে হাফিজুরকে আটক করা হয়। গতকাল রোববার সকালে রাবি উপাচার্যের বাসভবনে সাংবাদিকদের এ তথ্য জানান রাজশাহী মহানগর পুলিশের অতিরিক্ত কমিশনার তমিজউদ্দিন সরদার। এর আগে তিনি রাবি উপাচার্যের সঙ্গে বৈঠক করেন। কমিশনার বলেন, তাকে মহানগর গোয়েন্দা পুলিশের কার্যালয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। হাফিজুর শালবাগান এলাকার বাসিন্দা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের ২য় বর্ষের শিক্ষার্থী।

এদিকে রাবি শিক্ষক হত্যা মামলা তদন্তের দায়িত্ব বোয়ালিয়া থানা থেকে মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) কাছে স্থানান্তর করা হয়েছে। তমিজউদ্দিন সরদার বলেন, চাঞ্চল্যকর এ হত্যার ঘটনাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে তদন্ত চালিয়ে যাচ্ছে পুলিশ। ভালোভাবে তদন্তের জন্য মামলাটি ডিবিতে স্থানান্তর করা হয়েছে। আশা করছি হত্যায় জড়িতদের দ্রুত গ্রেফতার করা যাবে।

এদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজি বিভাগের অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যাকাণ্ডের প্রতিবাদে ক্যাম্পাসে সব ধরনের ক্লাস-পরীক্ষা বন্ধ রাখা হয়েছে। এ হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মিছিল, প্রতিবাদ সমাবেশ, মৌন মিছিল, মানববন্ধন করছেন রাবির শিক্ষক-শিক্ষার্থীরা। রাবি ক্যাম্পাসের বেশিরভাগ বিভাগের শ্রেণীকক্ষগুলো তালাবদ্ধ অবস্থায় ছিল। কিছু কিছু বিভাগের অফিসকক্ষ খোলা থাকলেও শিক্ষক-শিক্ষার্থীদের উপস্থিতি ছিল না। আর বিভিন্ন বিভাগে নির্ধারিত পরীক্ষাও স্থগিত করেছে সংশ্লিষ্ট বিভাগের পরীক্ষা কমিটি। এদিকে বেলা পৌনে ১১টায় বিশ্ববিদ্যালয়ের

বিক্ষোভে : পৃষ্ঠা : ১৫ ক : ১

## বিক্ষোভে : উত্তাল

(১ম পৃষ্ঠার পর)

সিনেট ভবনের সামনে থেকে একটি মৌন মিছিল বের করে রাবির শিক্ষক সমিতি। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক ঘুরে আবার সিনেট ভবনের সামনে এসে শেষ হয়। এর আগে সকাল সাড়ে ১০টার দিকে ক্যাম্পাসে শোক মিছিল বের করেন বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। মিছিলটি ইংরেজি বিভাগের সামনে থেকে শুরু করে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক ঘুরে সিনেট ভবনের সামনে এসে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ শেষে তারা বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে অবস্থান নেন। এ সময় ১০ মিনিটের জন্য প্রতীকী সড়ক অবরোধ করে মানববন্ধন করেন শিক্ষক ও শিক্ষার্থীরা।

এ সময় বক্তব্য দেন রাবির উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ মিজান উদ্দিন, রাবির উপউপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শাহ আজম শান্তন, সাবেক ভিসি প্রফেসর সাইদুর রহমান খান প্রমুখ। এ সময় শিক্ষক ও শিক্ষার্থীরা হত্যাকারীদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন। দুপুর ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে প্রতিবাদী সমাবেশ করেছে। এছাড়া বিকেলে রাজশাহী নগরের সাহেববাজার জিরো পয়েন্টে মানববন্ধন করে শিক্ষক সমিতি।

### ঢাবি শিক্ষক সমিতির নিন্দা

অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীর নির্মম হত্যাকাণ্ডের প্রতিবাদ ও বিচার দাবি করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল এক যুক্ত বিবৃতিতে এই হত্যাকাণ্ডের বিচার দাবি করেন। বিবৃতিতে শিক্ষক নেতারা অধ্যাপক রেজাউল করিম হত্যাকাণ্ডের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই এবং সুষ্ঠু তদন্তের মাধ্যমে হত্যাকারীদের খুঁজে বের করে অনতিবিলম্বে গ্রেফতার ও দ্রুত বিচারসহ দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। তারা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান।